

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০২.১৬- ২১২

তারিখঃ ০৮/০৩/২০১৮

বিষয়ঃ গাজীপুর জেলার কালিয়াকৈর পৌরসভার বিদ্যমান এলাকা সম্প্রসারণের লক্ষ্যে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত প্রজ্ঞাপন জারিকরণ প্রসঙ্গে।


সূত্রঃ জেলা প্রশাসক, গাজীপুর হতে প্রাপ্ত পত্রের এর স্মারক নং-৪৬.৪১.৩৩০০.০০৮.০২.০০৩.১১-৪২৪(সং), তারিখঃ ০৭/১২/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কালিয়াকৈর পৌরসভার বিদ্যমান এলাকা সম্প্রসারণের লক্ষ্যে প্রস্তাবিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করার অভিপ্রায় ব্যক্তকরণ সংক্রান্ত প্রজ্ঞাপনের কপি এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩ এর উপ-ধারা ৩ মোতাবেক অনূর্ধ্ব এক মাসের মধ্যে ঐ এলাকার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত উক্তরূপ প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ-কে অবহিত করার লক্ষ্যে অনুরোধ করা হ'ল।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩ এর উপ-ধারা ৪ মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্য আপত্তিসমূহ উপ-ধারা (৪) মোতাবেক আপত্তি প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করে স্থানীয় সরকার বিভাগে প্রতিবেদন প্রেরণের জন্য সরকারের পক্ষে জেলা প্রশাসক, গাজীপুর-কে ক্ষমতা অর্পন করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।


০৮/০৩/১৮
(মোঃ আবদুর রউফ মিয়া)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

জেলা প্রশাসক
গাজীপুর।

অনুলিপিঃ

- ০১। মেয়র, কালিয়াকৈর পৌরসভা, গাজীপুর।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৬১-আইন/২০১৮।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গাজীপুর জেলার কালিয়াকৈর পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে কালিয়াকৈর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে এতদ্বারা শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিল, যথা :—

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	শ্রীফলতলী	কালিয়াকৈর	৫৪	০১-৬৪৮, ১৪২৩, ১৪১৩

২। উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উপরি-উক্ত শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত এই প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে এবং উপ-ধারা (৪) এর বিধান মোতাবেক সরকার উক্তরূপে উত্থাপিত আপত্তি তিন মাসের মধ্যে নিষ্পন্ন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রউফ মিয়া
উপসচিব (পৌর-১)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২১৩১)

মূল্য : টাকা ৪.০০